

**AKASHVANI(AIR)**  
**RNU: KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 09-02-2026**

**Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকার গত ১১ বছরে পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোর উন্নয়নে বাজেটে বরাদ্দ বৃদ্ধি করেছে বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন।
- ২) কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় এলে হস্তচালিত তাঁতশিল্পীদের বছরে ১০ লক্ষ টাকা আয়ের ব্যবস্থা করবে।
- ৩) পরীক্ষা পে চর্চার নবম সংস্করণ ২০২৬-এর দ্বিতীয় পর্বে আজ দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করবেন প্রধানমন্ত্রী।
- ৪) সুপ্রিম কোর্টে SIR সংক্রান্ত মামলার আজ ফের শুনানি।

ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রস্তুত করা নির্বাচন কমিশনের সাংবিধানিক দায়িত্ব বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

৫) উত্তর ব্যারাকপুর পুরসভা এলাকায় মারধরে ফলে এক বৃদ্ধের মৃত্যু হওয়ায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলার গ্রেগোর।

৬) কলকাতা সহ রাজ্যে শীতের আমেজ অব্যাহত।

-----

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকার গত ১১ বছরে পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোর উন্নয়নে বাজেটে বরাদ্দ বৃদ্ধি করেছে বলে কেন্দ্রীয় রেল, তথ্য ও সম্প্রচার এবং ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে তিনি গতকাল পশ্চিমবঙ্গের বীরভূমের সিউড়ি রোড ওভার ব্রিজ এবং আসানসোলার কুমারপুর রোড ওভার ব্রিজের উদ্বোধন করেন। এছাড়াও আসানসোল বোকারোর মধ্যে মেমু ট্রেনের যাত্রার সূচনাও করেন তিনি। পরে শ্রী বৈষ্ণব বলেন, কেন্দ্রীয় বাজেটে পশ্চিমবঙ্গের জন্য প্রথম বুলেট ট্রেন চালুর কথা ঘোষণা করা হয়েছে। বারানসী থেকে শিলিগুড়ি পর্যন্ত এই বুলেট ট্রেন চলবে।

### বাইট

একইসঙ্গে ডানকুনি থেকে গুজরাটের সুরাট পর্যন্ত নতুন ফ্রেট করিডর এবং দুর্গাপুরে প্রস্তাবিত শিল্প করিডরের কথাও উল্লেখ করেন তিনি। এই উপলক্ষে সিউড়ি, আসানসোল রেল স্টেশন এবং কুমারপুরের বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সিউড়ির অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

লেভেল ক্রসিং-এর পরিবর্তে স্থানীয় বাসিন্দারা ৪২ কোটি টাকা ব্যয় নির্মিত সিউড়ি রোড ওভার ব্রিজ ব্যবহার করে যাতায়াত করতে পারবে। এরফলে সময় বাঁচবে।

অন্যদিকে, কুমারপুর রোড ওভার ব্রিজ তৈরি করতে খরচ হয়েছে ৫৪ কোটি ৮৩ লক্ষ টাকা। পশ্চিম বর্ধমান জেলার একটি বড় অংশ এবং ঝাড়খন্ডের মধ্যে সংযোগ রক্ষা করতে ব্রিজটি বিশেষ ভূমিকা পালন করবে।

আসানসোল ও বোকারো স্টীল সিটির মধ্যে মেমু ট্রেনটি পশ্চিম বর্ধমান, পুরুলিয়া ও ঝাড়খন্ডের বোকারো জেলার ওপর দিয়ে চলাচল করবে। এর ফলে যাতায়াত ব্যবস্থার উন্নতি হবে। রবিবার বাদে সপ্তাহে ৬ দিন ট্রেনটি যাতায়াত করবে।

---

রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় এলে হস্ত তাঁতশিল্পীদের বছরে দশ লাখ টাকা আয়ের ব্যবস্থা করা হবে বলে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং জানিয়েছেন। শান্তিপুরে গতকাল তাঁত শিল্পীদের সম্মেলনে যোগ দিয়ে তিনি বলেন, হস্তচালিত তাঁতের কাপড় উৎপাদনে বিশেষ জোর দেওয়ার পাশাপাশি উৎপাদিত পণ্যের বিক্রির ব্যবস্থা করা হবে। শান্তিপুরের শাড়ি আমেরিকা এবং ইউরোপে রপ্তানি করা হবে।

### বাইট

মন্ত্রী বলেন, রাজ্যে সাত লক্ষের বেশি তাঁতি ছিল। তবে আজ সেই সংখ্যা কমে যাচ্ছে। তাঁত শিল্পীদের সুতো কেনার জন্য ৫০০ কোটি টাকার তহবিল দেওয়া হয়েছিল। তবে তৃণমূল কংগ্রেস সেই অর্থের ৮০ শতাংশ লুট করেছে বলে তাঁর অভিযোগ। মন্ত্রী বলেন, রাজ্য সরকারের সংস্থা তন্তুজ পাওয়ার লুমের শাড়িকে হ্যান্ডলুমের শাড়ী বলে নকল জামদানি বিক্রি করেছে। বিজেপি সরকার ক্ষমতায় এলে এই দুর্নীতির তদন্ত করে দোষীদের শাস্তি দেওয়া হবে।

---

তাঁত শিল্পীদের সম্মেলনে উপস্থিত বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য বলেন, রাজ্যে কর্ম সংস্থান নেই বলেই বিভিন্ন জেলা থেকে প্রচুর মানুষ ভিন রাজ্যে কাজের সন্ধানে যেতে বাধ্য হচ্ছেন।

## বাইট

---

দেশের উন্নয়ন নিয়ে প্রধানমন্ত্রীর যে চিন্তা ভাবনা তা এবারের বাজেটে তার বহিঃপ্রকাশ ঘটেছে। নরেন্দ্র মোদী সরকার দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বিগত বারো বছর ধরে নির্দিষ্ট পরিকল্পনা ধরে চলছে। এই বাজেট তারই অংশ বলে জানিয়েছেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। বর্ধমানে গতকাল সাংবাদিক সম্মেলনে তিনি জানান, বাজেট শুরু হওয়ার অনেক আগে থেকেই জিএসটি সরলীকরণ, শ্রম কোড বা জি রামজি বিলের মাধ্যমে তারই পটভূমি। এবারের বাজেটে বিশেষ বিশেষ কিছু সেক্টরের উপর গুরুত্ব দেওয়া হয়েছে।

আত্মনির্ভরতার লক্ষ্যে জোর দেওয়া হয়েছে বায়ো ফার্মা শক্তির উপর, গুরুত্ব দেওয়া হয়েছে মৌলিক গবেষণার উপর। জোর দেওয়া হয়েছে সেমি কনডাক্টর মিশন ইলেকট্রনিকস কম্পোনেন্ট ম্যানুফ্যাকচারিংয়ের উপর, সায়েন্স ও প্রযুক্তি, যোগাযোগ ব্যবস্থা ইত্যাদির উপর যা দেশকে বিকশিত ভারতের পথে এগিয়ে নিয়ে যেতে সহায়ক হবে বলে তিনি মত প্রকাশ করেন।

সুকান্ত মজুমদার একটি সাজেশন বক্সের উদ্বোধন করে বলেন, এটি জেলার বিভিন্ন অঞ্চলের সাধারণ মানুষের কাছে নিয়ে যাওয়া হবে, মানুষ তাদের মতামত এই সাজেশন বক্সে লিখিত আকারে জমা করবেন।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরীক্ষা পে চর্চার নবম সংস্করণ ২০২৬-এর দ্বিতীয় পর্বে আজ দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করবেন। অনুষ্ঠানটি সকাল

১০ টায় প্রধানমন্ত্রীর ইউটিউব চ্যানেল, দূরদর্শন, শিক্ষা মন্ত্রকের সামাজিক মাধ্যমে সম্প্রচারিত হবে। এছাড়াও সরাসরি সম্প্রচারিত হবে ওয়েব ওটিটি, আমাজন প্রাইম ভিডিও, জিও, জি ফাইভ, সোনি লিভ এবং স্পটিফাই এর মত প্ল্যাটফর্মে। আসন্ন বোর্ড পরীক্ষার প্রেক্ষিতে এই মত বিনিময়, পরীক্ষা জনিত চাপ, প্রস্তুতি কৌশল, সময়ের সদব্যবহার এবং আত্মবিশ্বাস নিয়ে পরীক্ষায় বসার ক্ষেত্রে পড়ুয়াদের সাহায্য করার দিকে নজর দেওয়া হবে। প্রধানমন্ত্রী একটি সোশ্যাল মিডিয়া পোস্টে বলেছেন, এই পর্বে তামিলানাডুর কোয়েম্বাটুর, ছত্তিশগড়ের রায়পুর, গুজরাতের দেবমগরা এবং আসামের গুয়াহাটীর পরীক্ষার্থীরা উপস্থিত থাকবেন।

এই অধিবেশনে প্রধানমন্ত্রী বোর্ড পরীক্ষা সঠিকভাবে সামাল দেওয়া, আত্মবিশ্বাস গড়ে তোলা, ইতিবাচক থাকা এবং উদ্বেগ ও চাপের মত সাধারণ চ্যালেঞ্জগুলি কাটিয়ে ওঠার বিষয়ে ব্যবহারিক পরামর্শ ভাগ করে নেবেন।

-----

সুপ্রিম কোর্টে আজ পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়া নিয়ে নির্বাচন কমিশন ও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দায়ের করা মামলার ফের শুনানি। মুখ্যমন্ত্রী সেখানে উপস্থিত থাকতে পারেন বলে সূত্রের খবর। এর আগে গত ৪ তারিখ এসআইআর নিয়ে মুখ্যমন্ত্রীর আপত্তির বিষয়ে নির্বাচন কমিশনের বক্তব্য জানতে চায় সর্বোচ্চ আদালত। এব্যাপারে কমিশনকে নোটিশ জারি করে প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চ।

পাশাপাশি, কেন্দ্রীয় আধিকারিকদের মাইক্রো অবসার্তার হিসেবে নিয়োগ করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রীর অভিযোগের প্রেক্ষিতে সর্বোচ্চ আদালত, যারা লজিক্যাল ডিসক্রিপেন্সি বা

তথ্যগত অসংগতির সমস্যা মেটাতে কাজ করবেন, এমন গ্রুপ-বি আধিকারিকদের নামের তালিকা রাজ্যের কাছে চেয়ে পাঠায়।

---

ক্রটিমুক্ত ভোটার তালিকা প্রস্তুত করা নির্বাচন কমিশনের সাংবিধানিক দায়িত্ব বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। বীরভূমে গতকাল এক সাংবাদিক বৈঠকে শ্রী অধিকারি বলেন, এসআইআর প্রক্রিয়া সময়মতো এবং সঠিকভাবে সম্পন্ন না হলে রাজ্যে সাংবিধানিক সংকট তৈরি হতে পারে। তার দায় রাজ্য সরকার ও নির্বাচন কমিশন উভয়ের ওপরেই বর্তাবে। কোনো বাংলাদেশী অনুপ্রবেশকারী অথবা রোহিঙ্গা, যাতে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না হতে পারে, তা সুনিশ্চিত করতে বিজেপি বদ্ধপরিকর। যে কোনো অনিয়মের বিরুদ্ধে তারা আদালতের দ্বারস্থ হবে। তিনি আরও বলেন, কোনো ইআরও ডোমিসাইল সার্টিফিকেটের অপব্যবহার করলে অথবা নিয়ম ভেঙ্গে তা গ্রহণ করলে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

বাইট

এর আগে বীরভূমের রামপুরহাট বিধানসভার গণপুরে আদাবিসী কার্যকর্তা সম্মেলনে যোগ দেন শ্রী অধিকারী।

---

উত্তর ২৪ পরগণার উত্তর ব্যারাকপুর পুরসভা এলাকায় বেআইনি নির্মাণের প্রতিবাদ করায় এক বৃদ্ধকে মারধরের ফলে মৃত্যুর অভিযোগে তৃণমূল কংগ্রেস কাউন্সিলার, পেশায় আইনজীবী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্যকে পুলিশ গ্রেপ্তার করেছে। ইতোমধ্যেই তাকে ৬ বছরের জন্য দল থেকে সাসপেন্ড করা হয়েছে। জানা গেছে, ২৩ নম্বর ওয়ার্ডে মনিরামপুরে নিজের বাড়ির পাশে অবৈধভাবে একটি আবাসন তৈরির বিরুদ্ধে আপত্তি

জানিয়েছিলেন বছর ৮০-র তুলসী অধিকারী। বাধাদানের খবর পেয়ে সেখানে পৌঁছে তুলসী বাবু এবং তার ছেলে হেমন্তকে রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য মারধর করেন বলে অভিযোগ। পরিবারের দাবি মারধোরের জেরে জ্ঞান হারান তুলসীবাবু। আহত অবস্থায় তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

---

কলকাতা সহ রাজ্যে সর্বত্র শীতের আমেজ অব্যাহত আছে। আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আগামী সাতদিন সব জায়গায় শুষ্ক আবহাওয়া বজায় থাকবে। উত্তরবঙ্গের দার্জিলিং, কোচবিহার ও জলপাইগুড়িতে কোথাও কোথাও হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা। দক্ষিণবঙ্গে দুদিন পর থেকে তাপমাত্রা বর্তমানের চেয়ে দুই থেকে তিন ডিগ্রি বাড়ার সম্ভাবনা। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে আগামী ২৪ ঘণ্টায় সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৭ ও ১৫ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি। আলিপুরে গত ২৪ ঘণ্টায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭.৭ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে শূন্য দশমিক ছয় ডিগ্রি কম এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ১ ডিগ্রি নীচে।

---